43

দৈনিক সংবাদ

তারিখ 19 APR 1996
পৃষ্ঠা ৬ কলাম ১

গণশিক্ষা কর্মসূচি

# মোনাজাতউদ্দিন পেলেন মরণোত্তর স্বর্ণপদক

লালমনিরহাট, ১৮ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন)। – লালমনিরহাট জেলা গণশিক্ষা কর্মসূচি সাংবাদিকতা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য প্রয়াত সাংবাদিক মোনাজাতউদ্দিনকে মরণোত্তর স্বর্ণপদক দিয়েছে।

রাজশাহী বিভাগের কমিশনার এএফ-এম ইয়াহিয়া চৌধুরী আজ আনুষ্ঠানিক-ভাবে মোনাজাতউদ্দিনের পত্নী নাসমা মোনাজাতকে লালমনিরহাট ফাউন্ডেশন ও জেলা গণশিক্ষা সমিতির পক্ষ থেকে এই মরণোত্তর পদক প্রদান করেন।

এই অনুষ্ঠানে লালমনিরহাট জেলা গণশিক্ষা কার্যক্রমের ৭ হাজার ২শ' স্বেচ্ছাসেবী এবং সাড়ে ৪শ' ব্লক সুপারভাইজারকে সনদপত্র ও আর্থিক পুরস্কারের চেকও প্রদান করা হয়।

লালমনিরহাট জেলা গণশিক্ষা সমিতির উদ্যোগে পরিচালিত ব্যাপক ভিত্তিক গণশিক্ষা কার্যক্রমের আওতায় এই জেলার প্রায় ২ লাখ ৭০ হাজার পুরুষ ও মহিলাকে নির্ধারিত ৬ মাসের কোর্সে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে শিক্ষা দেয়া হয়। লালমনিরহাট জেলায় বর্তমানে শিক্ষিতের হার দাঁড়িয়েছে ৮৫ ভাগে।

এই জেলায় ব্যাপক ভিত্তিতে এ কর্মসূচি চালু করার পর মোনাজাতউদ্দিন বেশকিছু সরেজমিন প্রতিবেদন প্রকাশ করেন এবং সেগুলো এই কর্মসূচির সঙ্গে জড়িত সকল স্তরের কর্মকর্তা ও স্বেচ্ছাসেবীদের প্রেরণা জুগিয়েছে।